

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯৪৪

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৩৭. সালাতীর সামনে দিয়ে অতিক্রম করা।

بَابِ الْمُرُورِ بَيْنَ يَدَيْ الْمُصلِّي

আরবী

حَدَّ ثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ سَالِمٍ أَبِي النَّضْرِ، عَنْ بُسْرِ بْنِ سَعِيد، قَالَ أَرْسَلُونِي إِلَى زَيْدِ بْنِ خَالِدٍ أَسْأَلُهُ عَنِ الْمُرُورِ، بَيْنَ يَدَى الْمُصلِّي فَأَخْبَرَنِي عَنْ النَّرِي الْمُصلِّي فَأَخْبَرَنِي عَنْ النَّهِيِّ وَسلم - قَالَ " لأَنْ يَقُومَ أَرْبَعِينَ خَيْرٌ لَهُ مِنْ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَيْهِ ". قَالَ سُفْيَانُ فَلاَ أَدْرِي أَرْبَعِينَ سَنَةً أَوْ شَهْرًا أَوْ صَبَاحًا أَوْ سَاعَةً .

বাংলা

১/৯৪৪। বুসর ইবনু সাঈদ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, সালাতীর সামনে দিয়ে অতিক্রমকারী সম্পর্কে জিজ্ঞেস করার জন্য সাহাবীগণ আমাকে যায়দ ইবনু খালিদ এর নিকট পাঠালেন। তিনি আমাকে অবহিত করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতীর সামনে দিয়ে অতিক্রম করার চাইতে চল্লিশ পর্যন্ত দাঁড়িয়ে থাকা উত্তম। সুফ্ইয়ান (রহঃ) বলেন, চল্লিশ দ্বারা তিনি চল্লিশ বছর না মাস না দিন, না ঘণ্টা বুঝিয়েছেন তা আমি অবগত নই।

English

Busr bin Sa'eed said:

"They sent me to Zaid bin Khalid to ask him about passing in front of one who is performing prayer. He told me that the Prophet (ﷺ) said: 'Waiting for forty is better than passing in front of one who is performing prayer.'" (One of the narrators) Sufyan said: "I do not know if he meant forty years, months, days, or hours."

ফুটনোট

তাখরীজ কুতুরুত সিত্তাহ: বুখারী ৫১০, মুসলিম ৫০৭, তিরমিয়ী ৩৩৬, নাসায়ী ৭৫৬, আবূ দাউদ ৭০১, আহমাদ



১৬৬০৩, ১৭০৮৯; মুওয়াত্ত্বা মালিক ২৬৫, দারিমী ১৪১৬-১৭, মাজাহ ৯৪৫।

তাহকীক আলবানী: সহীহ লিগাইরিহী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ বুসর ইবনু সা'ঈদ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন